

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পূর্ব ইউরোপ ও সিআইএস অনুবিভাগ  
সেগুনবাগিচা, ঢাকা।

নং-১৯.০০.০০০০.৪৮৪.৫৭.৬০৪.১৯- ৬২২

তারিখঃ ০৯ ডিসেম্বর ২০২১

প্রাপকঃ ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি  
মাননীয় পররাষ্ট্রমন্ত্রী  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ১১-১৫ ডিসেম্বর ২০২১ তারিখে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি-এর তুরস্কের রাজধানী আঙ্কারায় সরকারি সফরের (সস্ত্রীক) প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১১-১৫ ডিসেম্বর ২০২১ তারিখে তুরস্কের রাজধানী আঙ্কারায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামানুসারে একটি নগর উদ্যান উদ্বোধন ও একটি ভাস্কর্য উন্মোচন করার উদ্দেশ্যে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি -এর অনুকূলে (সস্ত্রীক) আংকারায় সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

- ০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ
- ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকালে (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন এবং আপনি বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- খ) এ সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।
- গ) উপর্যুক্ত সফরে অংশগ্রহণের জন্য আপনি আগামী ১১ ডিসেম্বর ২০২১ বা তার নিকটবর্তী তারিখে আঙ্কারার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৫ ডিসেম্বর ২০২১ বা তার নিকটবর্তী তারিখে ঢাকার উদ্দেশ্যে আঙ্কারা ত্যাগ করবেন।

- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ

(ফুয়াদ হাসান পরাগ)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)

ফোন-০২-২২৩৩৫০০০৮

ইমেইলঃ [aseencis@mofa.gov.bd](mailto:aseencis@mofa.gov.bd)

নং-১৯.০০.০০০০.৪৮৪.৫৭.৬০৪.১৯- ৬২২

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)-

তারিখঃ ০৯ ডিসেম্বর ২০২১

- ১। মহাপরিচালক (প্রশাসন/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ)/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, আঙ্কারা, তুরস্ক।
- ৮। অফিস কপি।

(ফুয়াদ হাসান পরাগ)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)